গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
আইসিটি শাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.০৬.০০৩.২২.৮৯

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০
০৫ জুলাই ২০২৩

বিষয়: **২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির জুন, ২০২৩ মাসের প্রতিবেদন**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে ২০২২-২৩ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং কমিটির জুন, ২০২৩ মাসের কার্যক্রমের প্রতিবেদন সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : জুন, ২০২৩ মাসের প্রতিবেদন।

mafrul
৫-৭-২০২৩
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার
ফোন: ৯৫৮৪৮৮৯
ইমেইল:
programmer@emrd.gov.bd

যুগ্মসচিব
প্রশাসন-২
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০১১.০৬.০০৩.২২.৮৯/১(৮)

তারিখ: ২১ আষাঢ় ১৪৩০
০৫ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
২) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৩) ব্যবস্থাপনা পরিচালক, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড
৪) উপ-মহাব্যবস্থাপক (ভিজিলেন্স), বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা)
৫) প্রকল্প পরিচালক, ২টি অনুসন্ধান কূপ (টবগী-১, ইলিশা-১) ও ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ-২) খনন প্রকল্প , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৬) প্রকল্প পরিচালক, শরিয়তপুর-১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)
৭) উপ-মহাব্যবস্থাপক (উন্নয়ন) ও প্রকল্প পরিচালক, কৈলাশটিলা-৮নং কূপ (অনুসন্ধান কূপ) খনন প্রকল্প, সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

৮) ব্যক্তিগত কর্মকর্তা, পরিকল্পনা অনুবিভাগ, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

mafrul

৫-৭-২০২৩
মোঃ মাফরুল আলম
প্রোগ্রামার

# মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য গঠিত কমিটির
## জুন, ২০২৩ মাসের প্রতিবেদন

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বা এপিএ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কার্যক্রম মনিটরিং এর জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২৭ জুলাই, ২০২২ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.৩৩৬ সংখ্যক অফিস আদেশবলে মাসিক ভিত্তিতে জ্বালানি অনুসন্ধান কাজ মনিটরিং এর জন্য কমিটি পুনর্গঠন করা হয়। কার্যপরিধি অনুযায়ী উক্ত কার্যক্রমের ওপর কমিটি প্রতিমাসে অন্তত একটিসহ ১২টি মনিটরিং প্রতিবেদন দাখিল করবে এবং ২০২২-২৩ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনে সুপারিশ প্রদান করবে।

**২। লক্ষ্যমাত্রাঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের আওতায় ২টি অনুসন্ধান কূপের খননের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। চলতি অর্থবছরে বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা) এর অধীন ২টি কোম্পানি বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) ও সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) কর্তৃক অনুসন্ধান কূপ খননের কার্যক্রম গ্রহণ করা হয়। ইতোমধ্যে ২০২২-২৩ অর্থবছরে এপিএ-এর আওতায় জ্বালানির উৎস অনুসন্ধান কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে।

**৩। কূপ খননের অগ্রগতিঃ**

২০২২-২৩ অর্থবছরে এপিএ'র আওতায় সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল) এর গৃহীত ১টি কূপ খনন বন্যা ও বিবিধ কারণে সম্ভব হয়নি। তবে বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) কর্তৃক টবগী#১, শরীয়তপুর#১ ও ইলিশা#১ অনুসন্ধান কূপ খনন সম্পন্ন করা সম্ভব হয়েছে। জুন, ২০২৩ মাসে এপিএ'র আওতায় জ্বালানির উৎস অনুসন্ধান তথা অনুসন্ধান কূপ খননের বর্তমান অবস্থা নিম্নরূপ:

| ক্রমঃ | কার্যক্রম | বিবরণ |
|---|---|---|
| ১। | শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন | শরীয়তপুর জেলার নুড়িয়া উপজেলাধীন চিমটা এলাকায় বাপেক্স কর্তৃক 'শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খনন প্রকল্প' গ্রহণ করা হয়। এই প্রকল্পের আওতায় ৩২০০ (+১০০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশনের কার্যক্রম গ্রহণ করা হয়। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে ৭৩.৮ বিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ এবং দৈনিক গড়ে ৫-১০ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদিত হবে আশা করা হয়।<br><br>শরীয়তপুর#১ অনুসন্ধান কূপ খননের জন্য প্রয়োজনীয় পরিমাণ ভূমি অধিযাচন, ভূমি উন্নয়ন ও পূর্ত নির্মাণ, বৈদেশিক মালামাল/যন্ত্রপাতি ক্রয়, তৃতীয় পক্ষীয় সেবা ক্রয় এবং বিজয়-১০ রিগআপ সম্পন্ন শেষে ৫ নভেম্বর ২০২২ তারিখে খনন শুরু করে ৩৩০০ মিটার গভীরতা পর্যন্ত খনন করা হয়। ওয়্যারলাইন লগিং, VSP, ইমেজ লগ ইত্যাদি কার্যক্রম সম্পন্ন করা হয়। কূপে ৮.৫" সেকশনে ৪টি টার্গেট এর ৩টিতে sand পাওয়া গেলেও কাঙ্খিত গ্যাস পাওয়া যায়নি। গ্যাস পাওয়া না যাওয়ায় বাপেক্স এর কারিগরি কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ৭" কেসিং স্থাপন ও সিমেন্টেশন জব না করে কূপটি 'প্লাগ এন্ড অ্যাবানডান'করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্প এলাকায় বিজয়-১০ রিগডাউন সম্পন্ন হয়েছে। |
| ২। | টবগী-১ ও ইলিশা#১ অনুসন্ধান কূপ খনন | রাশিয়ার প্রতিষ্ঠান গ্যাজপ্রমের মাধ্যমে টার্ন কী ভিত্তিতে ২টি অনুসন্ধান কূপ (টবগী#১ ও ইলিশা#১) এবং ১টি মূল্যায়ন কাম উন্নয়ন কূপ (ভোলা নর্থ#২) খনন প্রকল্পের আওতায় কূপ খনন, পরীক্ষন এবং কমপ্লেশিন করার কার্যক্রম গ্রহণ করা হয়। এ লক্ষ্যে ৩টি কূপ এলাকার ভূমি অধিগ্রহন, ভূমি উন্নয়ন এবং গ্রামীণ সড়ক নির্মাণ করা হয়। কূপ খননের পূর্বে প্রয়োজনীয় সাইট ডিমার্কেশনসহ সাইট ডেভেলপমেন্ট (ফেন্সিং, সেলার সার্ভে, রিগ ফাউন্ডেশন, মেশিনারি ফাউন্ডেশন, মাড পিট, গোডাউন, ক্যারাভেন স্কিড, সিকিউরিটি শেড নির্মাণ) কার্যক্রম সম্পন্ন করা |

| | | |
|---|---|---|
| | | হয়। বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে এ প্রকল্প হতে অতিরিক্ত ৪৫৯ বিসিএফ গ্যাস মজুদ বৃদ্ধি এবং দৈনিক গড়ে ৪৬-৫৫ মিলিয়ন ঘনফুট গ্যাস উৎপাদনের আশা করা হয়েছে।<br><br>ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় টবগী#১ অনুসন্ধান কূপ খনন গত ১৯/৮/২০২২ তারিখ শুরু হয়ে ৩৫২৪ মিটার পর্যন্ত খনন ২৯/৯/২০২২ তারিখ সমাপ্ত করা হয়। টেস্টিং কার্যক্রমে উক্ত কূপ হতে দৈনিক ১৯.৫-২১.০ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে।<br><br>অন্যদিকে, ভোলা জেলার সদর উপজেলায় এই প্রকল্পের আওতায় সর্বশেষ ইলিশা#১ অনুসন্ধান কূপের মূল খনন কার্যক্রম ০৯/৩/২০২৩ তারিখ শুরু হয়ে ৩৪৭৫ মিটার গভীরে খনন ১৪/৪/২০২৩ তারিখ সমাপ্ত করা হয়। কূপ খনন শেষে গত ২৮/৪/২০২৩ তারিখে ১ম ডিএসটি এবং টেস্টিং শেষে নতুন গ্যাস স্তর আবিস্কারসহ উক্ত কূপের ৩টি জোন হতে দৈনিক ২০ (±০.৫) মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। ইলিশা দেশের ২৯তম গ্যাসক্ষেত্র হিসেবে ঘোষণা করা হয়েছে।<br><br>গ্যাজপ্রম কর্তৃক ৩টি কূপের চূড়ান্ত কমপ্লিশন কার্যক্রম সম্পন্ন করে গ্যাস ফ্লো সংক্রান্ত চূড়ান্ত প্রতিবেদন গত ০১/৬/২০২৩ তারিখ বাপেক্স-এর নিকট হস্তান্তর করা হয়েছে। বর্তমানে ইলিশা#১ রিগ ডাউন করে পরবর্তী কার্যক্রমের ব্যবস্থা গ্রহন করা হচ্ছে। |
| ৩। | কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন | "কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন" শীর্ষক প্রকল্পের আওতায় এসজিএফএল কর্তৃক ১টি অনুসন্ধান কূপ ২৫০০ (+৫০) মিটার গভীরতায় খনন, পরীক্ষণ এবং কমপ্লিশনের কার্যক্রম গ্রহণ করা হয়। উক্ত কূপে বাণিজ্যিকভাবে উত্তোলনযোগ্য তৈল/গ্যাস আবিস্কার সাপেক্ষে ১৭৩.৪৮ বিলিয়ন ঘনফুট গ্যাস মজুদ এবং দৈনিক প্রায় ২১ মিলিয়ন ঘনফুট হারে গ্যাস উৎপাদিত হতে পারে।<br><br>কূপ খনন এলাকায় ৬.৫৮ একর ভূমি অধিগ্রহন ও রিগ ফাউন্ডেশনের ঢালাই সম্পন্ন হয়েছে। ভূমি উন্নয়ন ৯০%, এইচবিবি রোড ৭৫%, সীমানা প্রাচীর ৯৮%, বক্স কালভার্ট ৯৮%, সিকিউরিটি পোষ্ট ৪৫% নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে। মেশিনারি ফাউন্ডেশনের ৪০% ঢালাই সম্পাদন হয়েছে। এছাড়া গভীর নলকূপ স্থাপনের কাজ ৪৫% সম্পাদন হয়েছে।<br><br>বৈদেশিক মালামাল/যন্ত্রপাতির ৬ লট ভান্ডারে মজুত আছে এবং অবশিষ্ট ২ লট (ডাউন হোল কমপ্লিশন এবং সিমেন্ট ও রাসায়নিক সামগ্রী) মালামালর মধ্যে মাড ক্যামিক্যালের আংশিক মালামাল ২৩/৬/২০২৩ তারিখে প্রকল্প এলাকায় এসে পৌছেছে। সিমেন্ট এন্ড সিমেন্ট এডিটিভস এর ১টি শিপমেন্ট ০৭/৬/২০২৩ তারিখে চট্টগ্রাম বন্দরে এসে পৌছেছে।<br><br>"কৈলাশটিলা#৮ অনুসন্ধান কূপ খনন" শীর্ষক প্রকল্পের আওতায় খননতব্য কূপটি ২৫০০ (+৫০) মিটার গভীরতার পরিবর্তে ৩৪৫০ (+৫০) মিটার গভীরতায় খননের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। গভীরতা বৃদ্ধির ফলে খনন অপারেশন, মাডলগিং সার্ভিস, মাড ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস, সারফেস টেস্টিং এবং স্লিক লাইন ইউনিট ভাড়ায় প্রদান পরিবর্তীত মূল্য বিষয়ে বাপেক্সের সাথে ঐক্যমত হয়েছে।<br><br>অনুমোদিত ডিপিপি অনুসারে ১৫,০২৭.০০ লক্ষ টাকা ব্যয়ের এ প্রকল্পের মেয়াদ জুন ২০২৩ পর্যন্ত। প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির লক্ষ্যে লিক্যুইডিটি সার্টিফিকেটসহ আরডিপিপি ২৫/৬/২০২৩ তারিখ এসজিএফএল হতে পেট্রোবাংলায় এবং ২৬/৬/২০২৩ তারিখে পেট্রোবাংলা হতে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। সিসিজিপির অনুমোদন সাপেক্ষে চুক্তি স্বাক্ষরিত হবে। বাপেক্সের রিগ সিডিউল অনুযায়ী আগষ্ট ২০২৩ মাসে ড্রিলিং অপারেশন শুরুর পরিকল্পনা করা হয়েছে। |

**৪। সিদ্ধান্ত/সুপারিশঃ**

(ক) ২০২২-২৩ অর্থবছরের এপিএ-এর আওতায় 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের ২টি লক্ষ্যমাত্রার বিপরীতে ৩টি জ্বালানির উৎস তথা অনুসন্ধান কূপ খনন সম্পন্ন হয়েছে। তম্মধ্যে ১টি কূপ 'প্লাগ এন্ড অ্যাবানডান'করা হলেও ২টি থেকে গ্যাস উৎপাদনের সম্ভাবনা পরিলক্ষিত হয়েছে। এই ২টি মধ্যে ইলিশা-কে দেশের ২৯তম গ্যাসক্ষেত্র হিসেবে ঘোষণা করা হয়েছে। জ্বালানির উৎস তথা অনুসন্ধান কূপ খনন কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হওয়ায় কমিটি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানাচ্ছে।

(খ) আগামী অর্থবছরগুলোতেও 'জ্বালানির বিভিন্ন উৎসের অনুসন্ধান' কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জনে সকলে সচেষ্ট থাকবে এই প্রত্যাশা কমিটি ব্যক্ত করছে।

০৩/০৭/২০২৩

মোঃ মফিরুল আলম
প্রোগ্রামার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৫/০৭/২০২৩

এম নাসিমুল আলীম
উপমহাব্যবস্থাপক (ভিজিলেন্স)
পেট্রোবাংলা
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি

০৫.০৭.২০২৩

মোহাম্মদ ফারুক হোসেন
যুগ্মসচিব (প্রশাসন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি

০৫/০৭/২০২৩

তাহমিনা ইয়াসমিন
যুগ্মসচিব (উন্নয়ন)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি